

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৯৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - প্রথম ওয়াক্ত হওয়ার সঙ্গে সঙ্গে সালাত আদায়

بَابُ تَعْجِيْلِ الصَّلَوَاتِ

আরবী

وَعَنْ بُرَيْدَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ تَرَكَ صَلَاةَ الْعَصْرِ فقد حَبط عمله. رَوَاهُ البُخَارِيّ

বাংলা

৫৯৫-[৯] বুরায়দাহ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি 'আসরের সালাত (সালাত/নামায/নামাজ) ছেড়ে দিলো সে তার 'আমল বিনষ্ট করলো। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৫৩, নাসায়ী ৪৭৪, আহমাদ ২২৯৫৭, সহীহ আত্ তারগীব ৪৭৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এখানে ইচ্ছাকৃতভাবে অলসতা করে 'আসরের সালাতকে পরিত্যাগ করা বুঝিয়েছে। মহান আল্লাহ তা 'আলা বলেন, ''কেউ ঈমান প্রত্যাখ্যান করলে তার 'আমল নিম্ফল হবে''- (সূরাহ্ আল্ মায়িদাহ্ ৫: ৫)। এর দ্বারা বুঝা যায় যে অলসতা ও ইচ্ছাকৃত বিশ্বাস করা ঈমান প্রত্যাখ্যানের শামিল। এর ব্যাখ্যায় কেউ বলেছেন যে, হাদীসে যে ভয় দেখানো হয়েছে তা দ্বারা মূলত শক্ত ধমক দেয়া হয়েছে। কারো মতে, এটা সাদৃশ্যের রূপকতা। অর্থাৎ- যে 'আসরের সালাত (সালাত/নামায/নামাজ) ছেড়ে দিলো সে এ ব্যক্তির মতো যার 'আমল নষ্ট হয়ে গিয়েছে। নষ্ট হওয়া দ্বারা উদ্দেশ্য প্রয়োজনের সময় তার 'আমল উপকারে আসবে না।

তবে এর অধিকতর সঠিক ব্যাখ্যা হলো, এ হাদীসে 'আসরের সালাত পরিত্যাগের শাস্তি স্বরূপ 'আমল বরবাদ হয়ে যাওয়াকে বুঝানো হয়নি। এর দ্বারা যারা এরূপ করে তাদের শক্ত ধমক দেয়া হয়েছে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন